

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 10-03-2026**  
**Time: 07:35-07:40 PM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Sukla Charan Noatia :**

সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, সরকার রাজ্যের পর্যটন কেন্দ্রগুলোকে আরও আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে নানা পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। গতকাল সার্কুম মহকুমার কলাছড়াস্থিত কালাপানিয়া ন্যাচার পার্কে দু'দিনব্যাপী কালাপানিয়া উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন এই উৎসবের মাধ্যমে রাজ্যের জাতি-জনজাতির মিশ্র সংস্কৃতিকে তুলে ধরা হচ্ছে। ফলে সাংস্কৃতিক মেলবন্ধনের পাশাপাশি গ্রামীণ অর্থনীতিও মজবুত হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফু মগ, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দীপক দত্ত। উৎসব উপলক্ষ্যে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের ১০টি প্রদর্শনী স্টল খোলা হয়।

\*\*\*\*\*

**Jishnu Debbarma :**

বোম্বে হাইকোর্টের প্রধান বিচারপতি দেবেন্দ্র কুমার উপাধ্যায় মহারাষ্ট্রের নবনিযুক্ত রাজ্যপাল যীশু দেববর্মাকে আজ শপথ বাক্য পাঠ করাবেন। তিনি গতকাল মুম্বাই পৌঁছলে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ ছত্রপতি শিবাজি মহারাজ আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান। লোকভবনে পৌঁছানোর পর মহারাষ্ট্র পুলিশ তাঁকে গার্ড অফ অনার প্রদান করে।

\*\*\*\*\*

**CPIM-Press Meet :**

আসন্ন এডিসি নিৰ্বাচনৰ জন্য় বামফ্ৰন্টৰ প্ৰাৰ্থী তালিকা গতকাল ঘোষণা কৰা হৈছে। আগৰতলা সিপিআইএম সদৰ দপ্তৰে আয়োজিত সাংবাদিক সন্মেলনে বামফ্ৰন্টৰ আহ্বায়ক মানিক দে ২৮টিৰ মध्ये ২৭টি আসনেৰ প্ৰাৰ্থী তালিকা ঘোষণা কৰেছেন। তাছাড়া ধৰ্মনগৰ বিধানসভা উপনিৰ্বাচনৰ জন্য় অমিতাভ দত্তকে মনোনীত কৰা হৈছে। মাছমাৰা আসনেৰ প্ৰাৰ্থীৰ নাম পৰে ঘোষণা কৰা হ'বে বলে জানান তিনি। শ্ৰী দে জানান, দামছড়া-জম্পুই আসনে বাৰেন্দ্ৰ রিয়াং, কাঞ্চনপুৰে রমাকান্ত নাথ, কৰমছড়ায় সাধন চাকমা, দামছড়া-কচুছড়া আসনে বদরভূম হালাম, ছামনুতে খুশিৰাম ত্ৰিপুৰা, মনুতে রাহুল দাস, রাইমাভ্যাণীতে সুমতি রঞ্জন চাকমা, গন্ডাছড়া-গঙ্গানগৰে ধানছামনি রিয়াং, আশাৰামবাড়ী-হালহালিতে কৰিম দেববৰ্মা, কুলাই-চামপাহাওৰে অতুল দেববৰ্মাকে প্ৰাৰ্থী কৰা হৈছে।

তাছাড়া তেলিয়ামুড়া-মহাৰানী আসনে রতন কিশোর জমাতিয়া, রামচন্দ্ৰঘাটে সমৰেশ দেববৰ্মা, মান্দাই-পুলিনপুৰে সূৰ্য দেববৰ্মা, জিৰানিয়ায় রাধাচৰণ দেববৰ্মা, সিমনা-তমাকারিতে অমূল্য দেববৰ্মা, বোধজংনগৰ-ওয়াকীনগৰে সঞ্জীত দেববৰ্মা, পেকুয়ারজলা-জন্মেজয়নগৰে ব্ৰজলাল দেববৰ্মা, টাকারজলা-জম্পুইজলায় বেনিলাল দেববৰ্মা এবং আমতলী-গোলাঘাটিতে বৃন্দা দেববৰ্মাকে প্ৰাৰ্থী হিসেবে মনোনীত কৰা হৈছে।

বাগমা আসনে অমৃত সাধন জমাতিয়া, নতুনবাজার-মালবাসায় মগেন্দ্ৰ রিয়াং, মহাৰানী-চেলাগাংয়ে হাৰাধন জমাতিয়া, অম্পিতে পৃথ্বীৰাজ কলই, বীৰচন্দ্ৰ-কলসিতে নৰেন্দ্ৰ রিয়াং, কাঠালিয়া-মিৰ্জা-ৰাজাপুৰে পৰীক্ষিত মুডাসিং, পূৰ্ব মুহূৰীপুৰ-ভূৰাতলিতে বৰজং ত্ৰিপুৰা এবং শিলাছড়ি-মনুবনকুল আসনে উচাথে মগকে প্ৰাৰ্থী কৰা হৈছে।

\*\*\*\*\*

### **MyGov portal :**

গ্ৰামীণ উন্নয়ন মন্ত্ৰক MyGov পোৰ্টালে বিকশিত ভাৰত-গ্যাৰান্টি ফৰ রোজগাৰ অ্যান্ড আজিবিকা মিশন (গ্ৰামীণ) আইন ২০২৫-এৰ জন্য় একটি লোগো ডিজাইন প্ৰতিযোগিতাৰ আয়োজন কৰছে। মন্ত্ৰক জানিয়েছে এই

প্রতিযোগিতার লক্ষ্য নাগরিকদের আইনের জন্য একটি সৃজনশীল লোগো ডিজাইন করার সুযোগ প্রদান করা। নির্বাচিত লোগোটি অফিসিয়াল লোগোতে পরিণত হবে এবং ভবিষ্যতে প্রচারমূলক কার্যক্রমের জন্য ব্যবহার করা হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আগ্রহী অংশগ্রহণকারীদের নিজেদের নিবন্ধন করতে হবে এবং MyGov পোর্টালের মাধ্যমে অনলাইনে তাদের এন্ট্রি জমা দিতে হবে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের শেষ তারিখ এই মাসের ২০ তারিখ। নির্বাচিত লোগোর বিজয়ীকে পঞ্চাশ হাজার টাকা নগদ পুরস্কার দেওয়া হবে।

\*\*\*\*\*

### **PM Webinar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো আরও শক্তিশালী হয়েছে। গতকাল “সবকা সাথ সবকা বিকাশ-মানুষের আকাঙ্ক্ষা পূরণ” বিষয়ক বাজেট-পরবর্তী একটি ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, মানুষের আকাঙ্ক্ষা পূরণ করা শুধু আলোচনার বিষয় নয়; এটি বাজেটের মূল ভিত্তি এবং সরকারের অঙ্গীকার। সেবামূলক অর্থনীতির উত্থানের ওপর জোর দিয়ে তিনি বলেন, বিশ্বজুড়ে সেবাপ্রদানকারীদের বাড়তে থাকা চাহিদা দেশের লক্ষ লক্ষ তরুণের জন্য নতুন দক্ষতাভিত্তিক কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে।

#####Byte-PM#####

\*\*\*\*\*

### **TBSE :**

আজ ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষায় বাংলা, হিন্দি, ককবরক, মিজো ভাষায় এবং মাদ্রাসা আলিম পরীক্ষায় আরবি ও বাংলা ভাষায় পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল উচ্চমাধ্যমিকে সাইকোলজি বিষয়ের পরীক্ষা মোট ৬২টি কেন্দ্রে নেওয়া হয়েছে। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ১২৩৯ জন পরীক্ষার্থী। অনুপস্থিতির সংখ্যা ৬ জন।

\*\*\*\*\*

### **S. JayShankar :**

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর গতকাল নয়াদিল্লিতে মার্কিন-ভারত ব্যবসা পরিষদের গ্লোবাল বোর্ড অফ ডিরেক্টরস মিশনের সাথে মতবিনিময় করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে ডঃ জয়শঙ্কর বলেছেন বিশ্বব্যাপী প্রতিকূলতা সত্ত্বেও ভারত-মার্কিন অর্থনৈতিক অংশীদারিত্বের বর্তমান এবং ভবিষ্যত সম্পর্কে ব্যবসায়ী নেতাদের সম্পর্ক উৎসাহজনক।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*